# জলবায়ু বার্তা

জুলাই, ২০২১

COAST Foundation



## জলবায়ু ফোরামের উদ্যোগে সি এফ টি এম প্রকল্প এলাকায় কোভিড-১৯ সচেতনতামূলক মাইকিং ও প্রচার



পটুয়াখালী জেলার দশমিনা উপজেলায় সচেতনতামূলক মাইকিং প্রচার শুরু করছেন ইউ এন ও জনাব মো: আল আমিন, তাং: ১৮/০৭/২১, ছবি: পিন্টু বিশ্বাস

কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ মোকাবেলায় কোস্ট ফাউন্ডেশন, সি এফ টি এম প্রকল্প এলাকায় ( ভোলা, পটুয়াখালী ও কক্সবাজার) সচেতনতামূলক মাইকিং কর্মসূচি ও প্রচার করা হয়।

পটুয়াখালী: পটুয়াখালী জেলার দশমিনা ও পটুয়াখালী সদর উপজেলায় সচেতনতামূলক মাইকিং কর্মসূচি পরিচালিত হয়।১৩ জুলাই ২০২১ থেকে ১৯ জুলাই ২০২১ পর্যন্ত এ সচেতনতামূলক মাইকিং কার্যক্রম ও প্রচার অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসনের অনুমোদন সাপেক্ষে মাইকিং ও প্রচার কার্যক্রম শুরু করা হয়। দশমিনা উপজেলা নির্বাহি অফিসার জনাব আল আমিন মাইকিং কার্যক্রম এর উদ্বোধন করেন এবং কোস্ট ফাউন্ডেশন, সি এফ টি এম প্রকল্পের সাথে একাত্ততা ঘোষনা করেন। কোভিড ১৯-সচেতনতামূলক মাইকিং কার্যক্রম এর পাশাপাশি সচেতনতামূলক লিফলেট বিতরন ও মাস্ক বিতরন করা হয়। জেলার জনগুরুত্বপূর্ন স্থানে যেমন: লঞ্চঘাট, কাচাবাজার ও গরুরহাটে এ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় তাদেরকে কোভিড-১৯ মোকাবেলায় মাস্ক পরিধান করা, সামাজিক দুরত্ব মেনে চলা, সাবান দিয়ে হাত ধোয়া ও জরুরী প্রয়োজন ছাড়া বাইরে না বেরোনোর জন্য অনুরোধ করা হয়। সকলকে অক্সিমিটার এর ব্যবহার সম্পর্কে জানানো হয় এবং থার্মোস্কানার দিয়ে শরীরের তাপমাত্রা মেপে দেখা হয়। এছাড়া ফুসফুসকে সতেজ রাখতে নিয়মিত ফুসফুসের ব্যায়াম করতে বলা হয়।

ভোলা: ১৫ জুলাই ২০২১ থেকে ২০ জুলাই ২০২১ পর্যন্ত এ সচেতনতামূলক মাইকিং কার্যক্রম ও প্রচার অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসনের অনুমোদন সাপেক্ষে মাইকিং ও প্রচার কার্যক্রম শুরু করা হয়। জেলার জনগুরুত্বপূর্ন স্থানে যেমন: লঞ্চঘাট, কাচাবাজার ও গরুরহাটে এ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। মাইকিং কার্যক্রম চলমান থাকাকালীন বাজারে অবস্থানকালীন জনসাধারনের জ্বর পরিমাপ করা হয় থার্মোস্কানার দিয়ে, অক্সিমিটার এর ব্যবহার শেখানো হয় এবং তা দিয়ে অক্সিজেনের মাত্রা পরিমাপ করা হয়। মাইকিং কার্যক্রম এর পাশাপাশি সচেতনতামূলক লিফলেট বিতরন ও মাস্ক বিতরন করা হয়।



চরফ্যাসন উপজেলায় কোভিড-১৯ সচেতনতামূলক কার্যক্রম, তাং-১৯.০৭.২১,ছবি, তরিকুল ইসলাম

কক্সবাজার: উপজেলা প্রশাসনের অনুমোদন সাপেক্ষে মাইকিং ও প্রচার কার্যক্রম শুরু করা হয়। জেলার জনগুরুত্বপূর্ন স্থানে যেমন: লঞ্চঘাট, কাচাবাজার ও গরুরহাটে এ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। মাইকিং কার্যক্রম চলমান থাকাকালীন বাজারে অবস্থানকালীন জনসাধারনের জ্বর পরিমাপ করা হয় থার্মোস্কানার দিয়ে, অক্সিমিটার এর ব্যবহার শেখানো হয় এবং তা দিয়ে অক্সিজেনের মাত্রা পরিমাপ করা হয়।



টেকনাফ উপজেলায় কোভিড-১৯ সচেতনতামূলক ক্যাম্পেইন,২০.০৭.২১,ছবি: মং এথেন

## জলবায়ু ফোরামের কার্যক্রমে সার্বিক সহযোগীতার প্রতিশ্রুতি দেন চরফ্যাসন এর নবাগত উপজেলা নির্বাহী অফিসার



সৌজন্য সাক্ষাৎ,উপজেলা নির্বাহী অফিসার,চরফ্যাসন, ভোলা। ১৫জুলাই ২০২১, ছবি: নিশী।

বৃটিশ কাউন্সিল ও কোস্ট ফাউন্ডেশন এর সহায়তায় পরিচালিত চরফ্যাসন জলবায়ু ফোরামের একঝাঁক স্বেচ্ছাসেবী কর্মীগণের উদ্যোগে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতির সম্মুখীন দ্বীপ ও দ্বীপবাসীকে রক্ষা করতে ২০১৭ সালে গঠিত হয় এই ফোরাম। ১৫ই জুলাই মঙ্গলবার সকাল ১১.০০ টা চরফ্যাসন উপজেলা জলবায়ু ফোরামের ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত অনুসারে চরফ্যাসন উপজেলার নবাগত ইউএনও জনাব আল নোমান স্যারের সাথে ফোরামের নেতৃবৃন্দরা সৌজন্য সাক্ষাৎ করেন।। উক্ত সাক্ষাৎকারে ২০১৭সাল হতে উপজেলায় বাস্তবায়িত বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব আল নোমান কে অবহিত করা হয়।এ সময় ইউএনও বলেন চরফ্যাসন উপজেলা জলবায়ু ফোরাম এর কার্যক্রম সম্পর্কে জেনে খুবই আনন্দিত হলাম। আমি আমার উপজেলায় দায়িত্বে থাকাকালীন জলবায়ু ফোরামকে সার্বক্ষনিক সহযোগিতা করবো এছাড়া তিনি জলবায়ু ফোরামের কার্যক্রম ও সচেতনতামূলক প্রচারণা করার পরামর্শ দেন। এছাড়া তিনি উপজেলার পরিবেশ রক্ষায় বিভিন্ন কার্যক্রমকে চলমান রাখা এবং যে কোন বিষয়ে সার্বিক সহযোগীতার আশ্বাস দেন।

## jwe wgwUs cieZx©Z evDdj Dc‡Rjvq cÖvwiq eÜ KvR Pjgvb



উপজেলা প্রকৌশলী এর সাথে লবি মিটিং, বাউফল , পটুয়াখালী। ২৮ জুলাই ২০২১, ছবি: রফিকুল

গত ২৭ জুন ২০২১ তারিখ রোজ: রবিবার বাউফল উপজেলা জলবায়ু ফোরামের উদ্যোগে বগা সরকারী প্রাথমিক বিদ্যালয় কাম সাইক্লোন সেল্টার এর সামাজিক নিরিক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত সামাজিক নিরিক্ষায় উপজেলা জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ প্রত্যক্ষ করেন যে, সাইক্লোন সেল্টারটির কাজ বর্তমানে বন্ধ রয়েছে, যা এখন চালু থাকার কথা। সাইক্লোন সেল্টারটির ঠিকাদার এ বিষয়ে বলেন, বর্তমানে ইট, বালু, সিমেন্ট এর দাম বেশি হওয়ায় কাজ বন্ধ রয়েছে। তখন জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ সাইক্লোন সেল্টারটি নির্দিষ্ট সময়ে সমাপ্ত হওয়ার ব্যাপারে সন্দেহ প্রকাশ করেন। গত ২৮ জুন, ২০২১ জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ উপজেলা প্রকৌশলী, বাউফল এর সাথে এ ব্যাপারে লবি মিটিং করে যেখানে প্রকল্পের ঠিকাদার মো: হাসিবুর রহমানও উপস্থিত ছিলেন। উপজেলা জলবায়ু ফোরামের সা:সম্পাদক মো: মিজানুর রহমান বলেন, এখন যদি প্রকল্পের কাজ বন্ধ থাকে তাহলে তা প্রকল্পের মেয়াদের শেষের আগে কখনোই সমাপ্ত হওয়া সম্ভব নয়। জলবায়ু ফোরামের সা:সম্পাদকের শুপারিশের পর উপজেলা প্রকৌশলী মো: সুলতান হোসেন বলেন, আপনাদের ধারনা সঠিক এখন কাজ শুরু না করলে ২০২২সালের মধ্যে মেয়াদ শেষ হওয়ার আগে তা কখনোই শেষ করা সম্ভব নয়। তিনি লবি মিটিং এ উপস্থিত ঠিকাদার মো: হাসিবুর রহমানকে নির্দেশ দেন খুব শিঘ্রই মালামাল ক্রয় করে কাজ শুরু করার জন্য। তার নির্দেশের পরিপ্রেক্ষিতে ঠিকাদার হাসিবুর রহমান উপজেলা প্রকৌশলীকে খুব শিঘ্রই কাজ শুরু করার আশ্বাস দেন। সাম্প্রতি উপজেলা জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ ফলো-আপ করে দেখেন প্রকল্পের কাজটি শুরু হয়েছে যার ফলে এখন এটি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে।

## KZzew`qv Dc‡Rjv Rjevqyd‡gi ZrciZvq cbivq KvR ïiæ n‡q‡Q



কমিউনিটি মিটিং, চর ধুরুং, কুতুবদিয়া। ১৬-০৬-২০২১ ছবি: মং এথেন

কুতুবদিয়া উপজেলা জলবায়ু ফোরাম নেতৃবৃন্দ কর্তৃক উত্তর ধুরুং ইউনিয়নের চর ধুরুং সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম সাইক্লোন শেল্টার পরিদর্শন করেন সাথে ছিলেন উপজেলা এলজিইডি সাইট ইঞ্জিনিয়ার মোহাম্মদ জাকেরিয়া, প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার মো: কফিল উদ্দিন, কোস্ট সিএফটিএম প্রকল্পের ডিট্রিস টিম লিডার মো: আরিফ উল্লাহ ও প্রোগ্রাম অফিসার মং এ থেন রাখাইন। পরিদর্শন টিম উক্ত পরিচালনা কমিটি সাথে বৈঠক করে জানতে পান সাইক্লোন সেন্টারটি সম্পূর্ণ হলে প্রায় ১০০০ পরিবার আশ্রয় নেওয়া সুবিধা পাবে কিন্তু চলমান নির্মাণ কাজ ২৪ মাসের সমাপ্ত হওয়া কথা বর্তমানে ২০ মাস অতিক্রম হলেও কাজ মাত্র ৬০% হয়েছে। স্থানীয় উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আ.স.ম শাহারিয়া চৌধুরী বলেন চর ধুরুং সাইক্লোন শেল্টাররে ৬টি নলকূপ স্থাপন করা হলেও পানি লেয়ার এখনো পরিক্ষা করা হয়নি। তাই নির্মান কাজে আমার বাড়ি নির্মানাধীন ভবনে পাশে হওয়া পুকুরে পানি ব্যবহার করতে দিচ্ছি। কিন্তু বর্তমানে বর্ষাকার বিদায় পানি পাওয়া যাচ্ছে তার আগে নির্মাণ কাজে লবনাক্ত পানি ব্যবহার করা হয়েছিল যা ভবন কাজে মারাত্নক ক্ষতি হতে পারে বলে মন্তব্য করেন। উপজেলা এলজিইডি সাইট ইঞ্জিনিয়ার মোহাম্মদ জাকেরিয়া জানান, কোভিড কারনে কাজ ধীরগতিতে হচ্ছিল কিন্তু বর্তমানে কাজ চলমান আছে তাছাড়া আমাদের জানার মতে নির্মাণকাজের কোন লবনাক্ত পানি ব্যবহার করা হচ্ছে না, যদি এমন কোন তথ্য পেলে আমরা সংশ্লিষ্ট ঠিকাদাদের প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবো।

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্য | অর্জন |
|---|---|---|---|
| ১ | mvgwRK wbixÿv | 2 | 0 |
| ২ | d‡jvAvc mvgwRK wbixÿv | 2 | 0 |
| ৩ | কোভিড-১৯ মাইকিং | 21 | 26 |
| ৪ | jwe wgwUs | 2 | 0 |
| ৫ | উপজেলা ত্রৈমাসিক সভায় | 3 | 0 |

‡hvMv‡hvMt
wc›Uzekvm,
‡Rjv wUg wjWvi,‡Kv÷ dvD‡Ûkb, wm Gd wU Gg cÖKí,
cUzqvLvjx|